



বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২১নং টুমচর ইউনিয়ন পরিষদ
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
tumchorup.lakshmipur.gov.bd



স্মারক নং- ০০.৪৬.৫১.৪৩.৮৯.০৭.২০২২-৩২

তারিখঃ ০৩/০৮/২০২২ খ্রিঃ

জন্ম ও মৃত্যু ইউনিয়ন টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতিঃ জনাব সৈয়দ নুরুল আমিন, চেয়ারম্যান, ২১ নং টুমচর ইউনিয়ন পরিষদ লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

সভার স্থানঃ ২১ নং টুমচর ইউনিয়ন পরিষদ কার্যালয়।

সভার তারিখঃ ০৩/০৮/২০২২ খ্রিঃ বিকেল ৪ টা

সভার আলোচ্য বিষয়ঃ ০-৩৬৫ দিনের জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রসঙ্গে।

সভায় উপস্থিতিদের তালিকা সংযুক্তঃ উপস্থিত ছিলেন ২১ জন, অনুপস্থিত নাই

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভায় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন চলমান আছে, হয়ত যাদের দরকার তারা করতেছেন। কিন্তু সরকারী নির্দেশনা মোতাবেক শূণ্য থেকে ৩৬৫ দিন তথা ১ বছরের ভিতরের নিবন্ধন হচ্ছেনা। এ বিষয়ে পরিষদ হইতে উদ্যোগ নেয়া প্রয়োজন। এছাড়াও প্রতি মাসে এই এক বছরের নিবন্ধনের একটা টার্গেট দেয়া হয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষে মাননীয় জেলা প্রশাসক মহোদয় কর্তক কিছু নির্দেশনা রয়েছে। আপনারা সবাই আলোচনান্তে এই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সিদ্ধান্ত গ্রহন করুন।

সভায় সর্বসম্মতিতে নিম্ন লিখিত সিদ্ধান্তগুলি গৃহিত হয়।

১. আগামী কাল ০৪/০৮/২০২২ তারিখে পুরো ইউনিয়নে মাইকিং করা হবে।

২. স্বাস্থ্য সহকারীদের থেকে টিকার তালিকা নিয়ে গ্রাম পুলিশগন প্রত্যেকের বাড়ীতে চেয়ারম্যান সাহেবের শুভেচ্ছা বার্তা পৌঁছাবে।

৩. শুক্রবারে জুমার নামাজের সময় চেয়ারম্যান কর্তক অনুরোধ পত্র স্ব স্ব ওয়ার্ড মেম্বার ইমাম সাহেব এর মাধ্যমে প্রচার করবেন।

৪. ১ বছরের বাচ্ছাদের নিবন্ধন অগ্রাধিকার ভিত্তিতে নিবন্ধন প্রদান করা হবে।

৫. উদ্যোক্তাদের ফি ১ বছরের জন্য ৫০ টাকার বেশী নিতে পারবেনা এবং ০-৪৫ দিনের মধ্যে কেউ নিবন্ধন করলে সম্পূর্ণ ফি তে নিবন্ধন করতে হবে।

৬. স্বাস্থ্য সহকারী দেব কাছে টিকা কার্ড না থাকায় ইউনিয়ন জন্ম নিবন্ধন খাত হতে টিকা কার্ড সরবরাহ করা হবে।

এরপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

